

৭. নির্বাচিত প্রার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণ করা হবে।

দায়িত্বপ্রাপ্ত	করণীয়	তারিখ
পরিচালক	একাডেমিক কমিটির সভার মাধ্যমে সুপারভাইজার নির্ধারণ করতঃ তালিকাটি অনলাইন প্যানেলে আপডেট করা	২৮ থেকে ৩০ অক্টোবর ২০২৫ এর মধ্যে
সুপারভাইজার	প্রার্থীকে সুপারভাইজ করার বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান	০২ থেকে ০৩ নভেম্বর ২০২৫ এর মধ্যে
প্রক্টর	প্রার্থীদের জন্য অনলাইন প্যানেলে আবাসিক হল নির্ধারণ	
প্রভোস্ট	প্রার্থীর হল Attachment বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান	
কো-অর্ডিনেটর	আবেদনসমূহ ভর্তির জন্য সম্মতি/অসম্মতি প্রদান করা	০৪ থেকে ০৫ নভেম্বর ২০২৫ এর মধ্যে
রেজিস্ট্রার	ভর্তির জন্য সম্মতি প্রদান	০৬ নভেম্বর ২০২৫ এর মধ্যে

ভর্তি ফি প্রদান :

৮. রেজিস্ট্রার ভর্তির জন্য সম্মতি প্রদান করার সাথে সাথে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রী ভর্তি ফি প্রদান সংক্রান্ত মেইল পাবে। মেইল পাওয়ার পর ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদেরকে নিম্নবর্ণিত তারিখের মধ্যে ক্রমিক নং ৪ এ উল্লেখিত পদ্ধতি অনুসরণ করে ভর্তি ও আনুষঙ্গিক ফি অনলাইনে প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফি প্রদান না করলে আবেদনটি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। মোট ফি-র সাথে ব্যাংক/মোবাইল ব্যাংকিং চার্জ স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হবে।

ক্যাটাগরি	ভর্তি ও আনুষঙ্গিক ফি	রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি	মোট	ভর্তির তারিখ
এই বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী	১৮,৮৬০/-	-	১৮,৮৬০/-	০৯ নভেম্বর ২০২৫ থেকে
অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী	১৮,৮৬০/-	৪০০/-	১৯,২৬০/-	১৩ নভেম্বর ২০২৫ পর্যন্ত

৯. ছাত্র-ছাত্রীদেরকে ওয়েবসাইট থেকে মেডিক্যাল ফরম ডাউনলোড করে ক্রাশ শুরু করার পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে হেল্থ কেয়ার সেন্টার, বাকুবি-তে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে মেডিক্যাল ফরমটি শিক্ষা বিষয়ক শাখায় জমা দিতে হবে।

১০. অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে আগত ছাত্র-ছাত্রীরা ক্রাশ শুরু করার পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে ব্যাচেলর ডিগ্রীর সকল মার্কশীট/ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট পরিচালকের নিকট জমা দিবে। পরিচালক আবেদনের সময় অনলাইনে আপলোডকৃত মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এর সাথে মূল মার্কশীট/ট্রান্সক্রিপ্ট মিলিয়ে দেখে মূল কপি ছাত্র-ছাত্রীদেরকে ফেরত দেবেন। পরিচালক কোন গড়মিল পেলে উক্ত ছাত্র-ছাত্রীর নাম ভর্তি বাতিলের জন্য শিক্ষা বিষয়ক শাখায় প্রেরণ করবেন।

১১. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন ১৭ নভেম্বর ২০২৫ এবং ক্রাশ শুরু তারিখ ১৮ নভেম্বর ২০২৫।



স্বাক্ষর/

পরিচালক (ভারপ্রাপ্ত), আইএডিএস